মাদক চোরাচালান ও পাচার প্রতিরোধে মেহেরপুরে বিজিবির জনসচেতনতামূলক সভা

সীমান্তবর্তী এলাকায় চোরাচালান, মাদক পাচার ও অন্যান্য সীমান্ত অপরাধ প্রতিরোধে মেহেরপুরে জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের শালিকা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের উদ্যোগে এ জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়।

এ সময় সীমান্ত অপরাধ প্রতিরোধ, সীমান্তে গবাদিপশু না চরানো, নারী ও শিশু পাচার রোধ এবং মাদকসহ সকল প্রকার চোরাচালান প্রতিরোধের বিষয়ে আলোচনা করা হয়। স্থানীয় জনসাধারণকে এসব বিষয়ে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুবেদার মোহাম্মদ এনামুল করিব।

তিনি বলেন, “সীমান্তবর্তী এলাকায় বসবাসরত জনগণের ভূমিকা সীমান্তের শান্তি-শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনারা যুগের পর যুগ এখানে বসবাস করছেন এবং আপনাদের সহযোগিতার মাধ্যমে বিজিবির টহল তৎপরতা আরও কার্যকর করা সম্ভব। আমরা বিশ্বাস করি, সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে সীমান্ত অপরাধ শূন্যের কোটায় নামিয়ে আনা সম্ভব।”

এছাড়াও এ সময় হাবিলদার মো. মতিয়ার রহমান, সিপাহী আরিফুর রহমান, সিপাহী নাইম, সিপাহী জুয়েল, সিপাহী আহাদসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, মসজিদের ইমাম, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

সড়কে শৃঙ্খলা ফেরাতে মুজিবনগরে যৌথ বাহিনীর জনসচেতনতামূলক অভিযান

নিজের জীবন রক্ষার্থে হেলমেট বাধ্যতামূলক ও অবশ্যই ড্রাইভিং লাইসেন্স করাসহ সড়কের শৃঙ্খলা ফেরাতে মুজিবনগরে যৌথবাহিনী অভিযান পরিচালিত হয়েছে।

আজ বুধবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের নেতৃত্বে সেনাবাহিনী,পুলিশ ও ট্রাফিক পুলিশের যৌথ অভিযান পরিচালিত হয়। মোটরসাইকেল চালক যাদের মাথায় হেলমেট নেই, ড্রাইভিং লাইসেন্স নেই এবং রেজিস্ট্রেশন বিহীন সকল প্রকার গাড়ি চালক কে জরিমানা সহ জনগণকে সচেতন করা হয় এবং মোবাইল কোর্টের মাধ্যমে গাড়ির কাগজ, ডাইভিং লাইসেন্স না থাকা ও হেলমেট বিহীন গাড়ি চালকদের জরিমানা করা হয়।

এ সময় সেনাবাহীনীর ওয়ারেন্ট অফিসার জামাল, ট্রাফিক ইন্সপেক্টর বিশ্বজিৎ ঘোষ উপস্থিত ছিলেন।

জনসচেতনতামূলক অভিযানে উপজেলা নির্বাহী অফিসার বলেন, মটরসাইকেল চালোনোর সময় অবশ্যই হেলমেট ব্যবহার করতে হবে। গাড়ির রেজিট্রেসনের পাশাপাশি বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এমন কথা বলে প্রথম পর্যায়ে আমরা যৌথবাহীনীর সমন্বয়ে জনসচেতনতা মূলক অভিযান চালাচ্ছি জনগণকে সতর্ক করতে সীমিত আকারে জরিমানা করছি। পরবর্তীতে সড়কের শৃঙ্খলা ফেরাতে আমরা আরো কঠিন অবস্থানে যাবো।

গাংনীতে করোনা প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচারণা অভিযান

ও লবন বিতরণ

করোনা প্রতিরোধে মেহেরপুরের গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক এর উদ্যোগে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ ও তার সাথে সাথে চায়ের দোকান মালিকদের মাঝে লবণ বিতরণ করেছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলা শহরের প্রায় সবগুলো দোকান এবং জনগণের মাঝে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করেন।
এ সময় তিনি চা দোকানিদেরকে ফ্রিতে লবণ বিতরণকালে বলেন, করোনা ভাইরাস এর সময় যদি খরিদ্দারদের চা দেওয়ার আগে গরম পানির সাথে লবণ দিয়ে গড়গড়া করালে করোনা থেকে মুক্ত থাকা যায়।

এসময় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, কাউন্সিলর মিজানুর রহমান, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আহসান উল্লাহ মহন, উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ স্থানীয় আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।